

## মাত্-বন্দনা

নিরাপত্তা প্রহরীরা তোকে ঘিরে রাখে,  
 তুই কবে ভি.ভি.আই.পি. হলি ?  
 (ভি.ভি.আই.পি. মানে জানি  
 প্রেসিডেন্ট, পি.এম., সি.এম.)  
 আমাদের নিরাপত্তা তোরই হাতে অর্পণ করেছি -  
 তুইও জেড প্লাস হ'লে আমরা আজ দাঁড়াবো কোথায় ?

তুই তো অনন্দাতা, বিপদতারিণী,  
 দনুজদলনী তুই, দুষ্টবিনাশিনী তুই, শিষ্টের পালিকা -  
 তথাপি অন্দরে তুই পুলিশ বেষ্টিতা, মা-গো, তোকে  
 দেখতে হ'লে বুক পাত্তে হয়  
 বুলেটের নীচে, ঘাড় নীচু ক'রে মেনে নিতে হয়  
 অঙ্গের আঘাত.....

বরাভয়দাত্রী তুই, সাহসপ্রদায়ী, তবু তোর  
 কতো ভয়, কতো শংকা, ক্ষফমোর্জারের ঘেরাটোপ .....  
 অথচ আমরা থাকি তোরই ভরসায় -  
 বিপন্ন জননী, বল, আমরা আজ দাঁড়াবো কোথায় ?

নিছিদ্র প্রহরা তোর, ভাগ্যবান হ'লে কেউ কেউ  
 তোর কাছে যেতে পারে, তোর পদধূলি পায়, তাও  
 অগ্নি পরীক্ষা দিয়ে, মেটাল ডিটেক্টার অনুমতি দিলে.....

অভয়দায়িনী, তুই ছেলেদের এতেটা ডরাস্ক !  
 ভয় হয়, ছেলেরা কি মাতৃঘাতী সবাই ! জননী,  
 তা হ'লে কেমন মাতা ? ভীত - ত্রস্ত আমরা তোরই ছেলে -  
 এক পা মাটিতে, আর এক পা বাড়ানো আছে জেলে .....

দশপ্রহরিণী, তবু নিরাপত্তা - বলয়বেষ্টিতা, মা - গো, বল  
 (সর্বত্রই ছড়ানো আছে জিঘাংসার তীক্ষ্ণতম কঁঁটা !)  
 আমরা আজ দাঁড়াবো কোথায় ?

অমিয় কুমার সেনগুপ্ত

